# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
## বাকৃবি চত্বর, ময়মনসিংহ

### বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | | |
|---|---|---|---|
| ১. | সভাপতি | : | ড. মির্জা মোফাজ্জল ইসলাম<br>মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ |
| ২. | তারিখ ও সময় | : | ১৬ অক্টোবর ২০২২ খ্রি., বেলা ০৯.০০ ঘটিকায়। |
| ৩. | স্থান | : | সেমিনার কক্ষ |
| ৪. | উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |
| ৫. | আলোচনা ও সিদ্ধান্ত | : | উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। ১২ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন | (১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন গুরুত্ব সহকারে প্রস্তুত করে প্রতিমাসে সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | সিএসও (আরসি)/ প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা |
| ২. | গবেষণা কার্যক্রম জোরদারকরণ | (১) ধান এবং উদ্যানতাত্ত্বিক ফসলের হাইব্রিড জাত উদ্ভাবনের গবেষণায় জোর দিতে হবে। উদ্ভিদ প্রজনন বিভাগ ও উদ্যানতত্ত্ব বিভাগের বিজ্ঞানীদের সমন্বয়ে আগামী ১ মাসের মধ্যে হাইব্রিড জাত উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করতে হবে। আগামী ১৫ দিনের মধ্যে উদ্যানতত্ত্ব বিভাগ একটি প্রশিক্ষণ মডিউল তৈরি করে পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) বরাবর জমা প্রদান করবেন। প্রশিক্ষণ পরবর্তী তিনজন বিজ্ঞানীকে (উদ্ভিদ প্রজনন বিভাগ-১ ও উদ্যানতত্ত্ব বিভাগ-২) নির্বাচিত করে লালতীরে তিন মাসের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | পরিচালক (গবেষণা); পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা); সিএসও (আরসি); বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ এবং বিভাগীয় প্রধান, উদ্যানতত্ত্ব বিভাগ |
| | | (২) বাজরা (millet) এর জার্মপ্লাজম সংগ্রহ করতে হবে। বাজরা বিষয়ে গবেষণা প্রোগ্রাম প্রণয়নের পূর্বে multi stakeholder নিয়ে একটি সেমিনার আয়োজন করতে হবে এবং বাজরা (millet) নিয়ে আধুনিক তথ্য উপাত্তের ভিত্তিতে আগামী সপ্তাহে রংপুর উপকেন্দ্রকে সাথে নিয়ে প্রেজেন্টেশনের ব্যবস্থা করতে হবে। | পরিচালক (গবেষণা); সিএসও (আরসি); বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ; ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিনা উপকেন্দ্র রংপুর |
| | | (৩) আমদানি নির্ভরতা কমাতে গমের উন্নত ও ব্লাস্ট প্রতিরোধী জাত উদ্ভাবনের গবেষণা আরও বাড়াতে হবে। | পরিচালক (গবেষণা); সিএসও (আরসি); বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ, বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ |
| | | (৪) উচ্চমূল্য ফসল হিসাবে কফির germplasm সংগ্রহের নিমিত্তে মধুপুর, টাঙ্গাইলে অবস্থিত কফি বাগান পরিদর্শন করতে হবে এবং খাগড়াছড়ি, বান্দরবান থেকেও germplasm সংগ্রহের ব্যবস্থা নিতে হবে। | পরিচালক (গবেষণা); সিএসও (আরসি); বিভাগীয় প্রধান, উদ্যানতত্ত্ব বিভাগ |
| | | (৫) উচ্চ মূল্য ফসল হিসাবে কফি এবং কাজু বাদাম বিষয়ক আগামী এক সপ্তাহের মধ্যে একটি সেমিনার আয়োজন করতে হবে। | সিএসও (আরসি); বিভাগীয় প্রধান, উদ্যানতত্ত্ব বিভাগ |
| | | (৬) নতুন প্রযুক্তি বিষয়ক একটি সেমিনার Biotechnology Division এবং Soil Science Division কে আয়োজন করতে হবে। | পরিচালক (গবেষণা); সিএসও (আরসি); বিভাগীয় প্রধান, বায়োটেকনলজি ও বিভাগীয় প্রধান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ |
| | | (৭) আগামী ১৫ দিনের মধ্যে বার্ষিক গবেষণা পর্যালোচনা সভার আয়োজন করতে হবে। | পরিচালক (গবেষণা); সিএসও (আরসি) ও সকল বিভাগীয় প্রধান |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | (৮) উদ্ভাবিত জাতের সার ও কীটনাশক এর সঠিক মাত্রা নির্ধারণ করার জন্য মৃত্তিকা বিজ্ঞান বিভাগ এবং কীটতত্ত্ব বিভাগ কার্যক্রম গ্রহণ করবেন। উদ্ভাবনকারী বিজ্ঞানী বাংলা ও ইংরেজি উভয় জাত ও প্রযুক্তির লিফলেটে আপডেট করবেন। | পরিচালক (গবেষণা); বিভাগীয় প্রধান, মৃত্তিকা বিজ্ঞান / বিভাগীয় প্রধান, কীটতত্ত্ব বিভাগ |
| ৩. | ওয়েব সাইট হালনাগাদকরণ | (১) বিনা'র ওয়েব সাইট নিয়মিতভাবে হালনাগাদকরণ এবং হালনাগাদ সংক্রান্ত তথ্য সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | প্রোগ্রামার, আইসিটি শাখা |
| | | (২) জাত ও প্রযুক্তি সংক্রান্ত তথ্যগুলো ওয়েবসাইটে আপলোডের জন্য প্রোগ্রামার, ICT বরাবর তথ্য সরবরাহ করতে হবে। | সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত বিজ্ঞানী |
| | | (৩) জাত ও প্রযুক্তি সম্পর্কিত তথ্যগুলো অনলাইনে আরো সহজীকরণ করতে হবে। | প্রোগ্রামার, আইসিটি শাখা |
| | | (৪) ওয়েবসাইটের কোন সেবা বক্স আপডেটের ক্ষেত্রে পূর্ববর্তী এবং পরবর্তী অবস্থা প্রমানক হিসাবে স্ক্রিন শট দিয়ে রাখতে হবে। | প্রোগ্রামার, আইসিটি শাখা |
| ৪. | অডিট আপত্তি নিষ্পত্তি | (১) অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (অর্থ) |
| ৫. | অবসর সুবিধা প্রদানের আবেদন নিষ্পত্তি। | (১) অবসর সুবিধা প্রদানের আবেদন কর্মচারীগণের অবসরে যাবার ০৩ (তিন) মাসের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ)/ উপ-পরিচালক (অর্থ) |
| ৬. | খরচের হিসাব নিয়মিত সমন্বয় সাধন | (১) ২০২১-২০২২ অর্থবছরের অগ্রিম নোটের যে সকল সভাপতিগণ খরচের সমন্বয় পাচ্ছেন না তাঁরা তালিকা তৈরি করে মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করবেন। | সকল বিজ্ঞানী/ কর্মকর্তা/কর্মচারী |
| ৭. | শূন্য পদে লোক নিয়োগ | সকল শূন্য পদ পূরণ ও চলমান নিয়োগের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ) |
| ৮. | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | (১) অনিস্পন্ন ই-নথি আছে এমন ব্যহারকারীদের তালিকা করে সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে । | প্রোগ্রামার, আইসিটি শাখা |
| | | (২) নতুন কম্পিউটার সম্পর্কিত কর্মচারী নিয়োগপ্রাপ্তদের সমন্বয়ে একটি ই-নথি বিষয়ক ট্রেনিং এর আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা)/ট্রেনিং অফিসার |
| ০৯. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও অভিযোগ নিস্পত্তি | (১) নিয়মিতভাবে পরিচালকগণ কমপক্ষে ১টি বিভাগ অথবা শাখা আকষ্মিক পরিদর্শন করে গবেষণা, আর্থিক ব্যবস্থাপনাসহ সার্বিক বিষয়ে মনিটরিং করবেন এবং মহাপরিচালক বরাবর প্রতিবেদন জমা দিবেন। | সকল পরিচালক |
| | | (২) কর্মপরিবেশ উন্নয়নমূলক কার্যক্রম হিসাবে আগামী ১৫ দিনের মধ্যে বিশুদ্ধ পানির জন্য উন্মুক্ত স্থানে পানির ফিল্টার স্থাপনের ব্যবস্থা করতে হবে। | সহকারী প্রকৌশলী |
| | | (৩) কর্মপরিবেশ উন্নয়নমূলক কার্যক্রম হিসাবে আগামী এক মাসের মধ্যে ক্যান্টিনের পরিবেশ উন্নয়নের জন্য প্রয়োজনীয় মেরামত কাজসহ উপকরণ সরবরাহের ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে প্রমানক হিসাবে আবশ্যিকভাবে উন্নয়ন পূর্ববর্তী ও পরবর্তী অবস্থার ছবি রাখতে হবে এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখায় জমা প্রদান করতে হবে। | সভাপতি, সংশ্লিষ্ট কমিটি |
| | | (৪) উপকেন্দ্র পরিদর্শন সমাপ্তির পর মনিটরিং কমিটি মনিটরিং রিপোর্ট প্রদান করবেন। | সংশ্লিষ্ট কমিটি |
| | | (৫) সকল ভ্রমণ সমাপ্তির পর ভ্রমণ বিলের সাথে আবশ্যিকভাবে পৃথক ভ্রমণ প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সকল বিজ্ঞানী, কর্মকর্তা ও কর্মচারী |
| ১০. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও SDG সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপন | (১) SDG বিষয়ক একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | প্রধান, (পরিকল্পনা ও উন্নয়ন শাখা) |
| | | (২) SDG লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট, SDG |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১১. | জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন | মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সামাজিক নিরাপত্তা বিষয়ক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন প্রতি সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | ফোকাল পয়েন্ট, জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসুচি বাস্তবায়ন |
| ১২. | উপকেন্দ্রসমূহের গবেষণা ও পরিচালনা সংক্রান্ত আলোচনা | (১) আঞ্চলিক গবেষণা কেন্দ্র, গাজীপুর এর জন্য ১০ (দশ) জন আনসার সদস্য নিয়োগের ব্যবস্থা করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) |
| | | (২) উপকেন্দ্রের নিজস্ব আয়-ব্যয় রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করতে হবে। ক্যাশ বই ছাড়া কোন কিছু ক্রয় বিক্রয় করা যাবেনা এবং উপকেন্দ্রের বিক্রিত ফসলসমূহের আয় রাষ্ট্রীয় কোষাগারে জমা দিতে হবে। | সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| | | (৩) উপকেন্দ্র পরিদর্শনে আসা মনিটরিং কমিটির সুপারিশ ও নির্দেশমালা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করে বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী সময়ে মনিটরিং কমিটির সভাপতির নিকট জমা প্রদান করতে হবে এবং সভাপতির নিকট থেকে কার্যক্রম সম্পাদন করার প্রত্যয়ন পত্র নিতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ১৩. | বিদ্যুৎ খাতে ব্যয় হ্রাসকরণ সংক্রান্ত | (১) বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে গঠিত কমিটি প্রতি মাসের সমন্বয় সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | সভাপতি, সংশ্লিষ্ট কমিটি |
| | | (২) বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে বীজ সংরক্ষণাগার ও গুরত্বপূর্ণ যন্ত্রপাতি আছে এমন জায়গা ছাড়া সব এসি বন্ধ রাখতে হবে এবং গাড়ির ব্যবহার সীমিত করতে হবে। | সকল বিভাগীয় প্রধান/শাখা প্রধান/ভারপ্রাপ্ত কর্মকর্তা সকল বিজ্ঞানি/ কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ |
| | | (৩) প্রতিটা উপকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ সেচ পাম্পের মিটার আলাদার করার জন্য নিজ নিজ এলাকার পিডিবি অফিসে যোগাযোগ করতে হবে। | সকল ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |
| | | (৪) রোড লাইটের পরিবর্তে সোলার লাইটের ব্যবস্থা করতে হবে এবং বিদ্যুৎ ব্যবহার ২৫% কমাতে হবে। | প্রকৌশল শাখা |
| | | (৫) সোলার প্যানেল কমিটির সোলার প্যানেল চালু করার উদ্দেশ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ করে সেই অনুসারে দ্রুত রিপোর্ট প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| | | (৬) গাড়ীর জ্বালানী ব্যবহারের ক্ষেত্রে রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। | যানবহন শাখা |
| ১৪. | বিবিধ | (১) সমন্বয় সভার কার্যপত্র মাসিক সমন্বয় সভায় পাওয়ার পয়েন্টে প্রেজেন্ট করতে হবে। | প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা |

24/10/2022

(ড. মির্জা মোফাজ্জল ইসলাম)
মহাপরিচালক